**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকার ত্রিপুরায় মন্দির কেন্দ্রিক পর্যটন শিল্পের উন্নয়নে সদর্থক ভূমিকা নিয়েছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরা আগামীদিনে দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠবে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে গোটা বিশ্ব ভারতীয় যুবকদের সক্ষমতায় আকৃষ্ট হয়েছে।**

**(৪) বিচারপতি সঞ্জীব খান্না আজ ভারতের ৫১তম প্রধান বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন।**

**(৫) পূর্বাঞ্চলের আন্ত: বিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতার ছেলেদের আসরে গ্রুপের প্রথম খেলায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয় জয়লাভ করেছে।**

*****************************************

**Governor Visit :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকার ত্রিপুরায় মন্দির কেন্দ্রিক পর্যটন শিল্পের উন্নয়নে সদর্থক ভূমিকা নিয়েছে। গোটা দেশে পর্যটন ক্ষেত্রে বৃহৎ ও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে মন্দিরের। আজ কসবেশ্বরী কালী মন্দিরে পুজো দেবার পর রাজ্যপাল আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে এক সাক্ষাৎকারে একথা বলেন। তিনি বলেন,

########Byte#######

রাজ্যপাল আজ কমলাসাগর আন্তর্জাতিক সীমান্তে অবস্থিত সীমান্তরক্ষী বাহিনীর বি.ও.পি-তে জওয়ানদের সঙ্গে কিছু কাটান। রাজ্যপালের সঙ্গে ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বি.জে রেড্ডি সমেত প্রশাসনিক আধিকারিকরা।

এরআগে রাজ্যপাল আজ পুরাতন আগরতলায় চতুর্দশ দেবতা মন্দিরে পূজা দেন। সেখানে তিনি সাংবাদিকদের বলেন, চতুর্দশ দেবতার মন্দির রাজ্যের বিভিন্ন পর্যটন ক্ষেত্রের মধ্যে অন্যতম। সরকার এই কারনেই মন্দিরের উন্নয়নের পরিকল্পনা নিয়েছে। রাজ্যপালের সঙ্গে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী।

************************

**CM-PM JANAMAN :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরা আগামীদিনে দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠবে। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আজ সমগ্র শিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত পিএম জনমন প্রকল্পের অন্তর্গত ১০টি ছাত্রাবাসের ভার্চুয়ালভাবে ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের পিছিয়ে পড়া জনজাতিদের কথা চিন্তা করেছেন। আর সেই চিন্তা বাস্তবায়নের ক্ষেত্রে পিএম জনমন হলো প্রধানমন্ত্রীর স্বপ্নের প্রকল্প। তিনি বলেন কেন্দ্র ও রাজ্য সরকার সবসময় পিছিয়ে পড়া জনজাতিদের শিক্ষা, স্বাস্থ্য থেকে শুরু করে প্রতিটি বিষয়কে প্রাধান্য দিয়ে কাজ করে চলেছে। এই হোস্টেলগুলি নির্মাণের মাধ্যমে ছাত্রছাত্রীদের পড়াশুনার গুণগত মান বৃদ্ধি হবে। জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা বলেন, বর্তমানে রাজ্যে মোট ২১টি একলব্য বিদ্যালয় রয়েছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেন, বর্তমান রাজ্য সরকার হচ্ছে জনজাতি বান্ধব সরকার। উল্লেখ্য মুখ্যমন্ত্রী

আজ চারটি জেলার ৬টি ব্লকের ৬টি বিদ্যালয়ের সঙ্গে যুক্ত ১০টি হোস্টেল বিল্ডিং এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সমগ্র শিক্ষার রাজ্য প্রকল্প অধিকর্তা এন সি শর্মা।

****************************

**CM-UNNATI-2024 :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, 'উন্নতি-২০২৪' প্রকল্পটি ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের শিল্পায়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। আজ প্রজ্ঞাভবনে শিল্প ও বাণিজ্য দপ্তর আয়োজিত 'উন্নতি' প্রকল্পের উপর রাজ্যভিত্তিক কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, এই প্রকল্পে আগামী ১০ বছরে ৮৩ হাজার কর্মসংস্থান তৈরির লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরজন্য ১০ হাজার ৩৭ কোটি টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে, যা এই অঞ্চলের জনগণের মজবুত জীবন-জীবিকা সৃষ্টির বিষয়ে সরকারের দৃষ্টিভঙ্গীকে প্রতিফলিত করছে। মুখ্যমন্ত্রী বলেন, 'উন্নতি-২০২৪'-প্রকল্পের জন্য গত৯ মার্চ নথিভুক্তিকরণ চালু হয়েছে এবং ২০২৬ সালের ৩১ মার্চ পর্যন্ত তা চলবে। মুখ্যমন্ত্রী বলেন,

##########Byte##########

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, দপ্তরের সচিব কিরণ গিত্যে, অধিকর্তা বিশ্বশ্রী বি কেন্দ্রীয় সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের শিল্প ও অভ্যন্তরীণ বাণিজ্য ও উন্নয়ন বিভাগের আধিকারিক করমপাল সিং।

***************************

**Resignation of advocate general :**

বরিষ্ঠ আইনজীবী সিদ্ধার্থ শংকর দে আজ রাজ্যের অ্যাডভোকেট জেনারেলের পদ থেকে পদত্যাগ করেছেন। তিনি আজ সকালে রাজ্যের আইন সচিবের কাছে পদত্যাগ পত্র জমা দেন। বিকালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু তাঁর পদত্যাগপত্র গ্রহণ করেছেন।

এদিকে, প্রবীণ আইনজীবী শক্তিময় চক্রবর্তী রাজ্যের নতুন এডভোকেট জেনারেল হয়েছেন।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে গোটা বিশ্ব ভারতীয় যুবকদের সক্ষমতায় আকৃষ্ট হয়েছে। তিনি বলেন যে আজ বেশিরভাগ বিশ্ব নেতা ভারতের দক্ষ যুবশক্তি তাদের দেশে কাজ করবে বলে আশা করেন। আজ সকালে ভিডিও কনফারেন্সের মাধ্যমে গুজরাটের ভাদতালে শ্রী স্বামীনারায়ণ মন্দিরের ২০০ তম বার্ষিকী উদযাপন উপলক্ষে একটি অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন যে উন্নত ভারতের জন্য যুবকদের ক্ষমতায়ন করা উচিত এবং দক্ষ যুবকরাই দেশের সবচেয়ে বড় শক্তি হয়ে উঠবে। তিনি বলেন আমাদের তরুণদের বিশ্বব্যাপী চাহিদা আরও বাড়তে চলেছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আনন্দ প্রকাশ করে জানান যে সরকার এই উপলক্ষে ২০০ টাকার রৌপ্য মুদ্রা এবং একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেছে।

**************************

**Chief Justice :**

বিচারপতি সঞ্জীব খান্না আজ ভারতের ৫১তম প্রধান বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন। রাষ্ট্রপতি ভবনে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিচারপতি শ্রী খান্নাকে শপথবাক্য পাঠ করান। বিচারপতি সঞ্জীব খান্না বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের স্থলাভিষিক্ত হন। উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, একাধিক কেন্দ্রীয় মন্ত্রী এবং সুপ্রিম কোর্টের বিচারপতিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নেওয়ায় বিচারপতি সঞ্জীব খান্নাকে শুভেচ্ছা জানিয়েছেন।

**************************

**Special Train :**

এই বছর উৎসবের মরসুমে যাত্রীদের ভিড় সামলাতে, ভারতীয় রেলওয়ে পয়লা অক্টোবর থেকে ৩০শে নভেম্বর পর্যন্ত প্রায় দুমাসের জন্য ৭,৬৬৬টি স্পেশাল ট্রেন চলাচলের সূচি নির্ধারণ করেছে, যা পূর্ববর্তী বছরের ৪,৪২৯টি স্পেশাল ট্রেনের তুলনায় ৭৩ শতাংশ বেশি। আজও দেশের বিভিন্ন রুটে ১৫৫টি অতিরিক্ত উৎসব স্পেশাল ট্রেন চলছে। উৎসব মরশুমে অতিরিক্ত ভিড় সামলাতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েও উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।

উত্তর পূর্ব সীমান্ত রেল ১০ই নভেম্বর পর্যন্ত ৮০টি স্পেশাল ট্রেন ও ৮০০টি ট্রিপ চালিছে। এই প্রসঙ্গে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে জনসম্পর্ক আধিকারিক নীলাঞ্জন দেব আজ আমাদের আকাশবাণীর প্রতিনিধি প্রদীপ সাহাকে জানিয়েছেন,

##########Byte###########

*******************************

**Youth Festival-Dhalai :**

ধলাই জেলা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ ধলাই জেলা ভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলা ২০২৪ অনুষ্ঠিত হয়। আমবাসা টাউন হলে অনুষ্ঠানের সূচনা করেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন প্রতিমা মালাকার, পুর পরিষদের ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুমন দেবনাথ, জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা চন্দন সরকার, জেলা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা দিবাকর দেবনাথ প্রমুখ।

উদ্বোধকের ভাষণে সুস্মিতা দাস বলেন ছেলেমেয়েদের পড়াশোনার পাশাপাশি নাচ গান সহ বিভিন্ন বিষয়ে পারদর্শী করে তোলা ও

সংস্কৃতিমনস্ক করবার জন্য বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করে চলেছে রাজ্য সরকার। যুব উৎসবেও এখন নতুন নতুন বিষয় সংযুক্ত করা হচ্ছে ছাত্রছাত্রীদের জন্য। তিনি নেশার করাল গ্রাস থেকে যুবসমাজকে রক্ষা করার জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

যুব উৎসবে মোট ১৩টি ইভেন্টে মোট পাঁচ শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করেন। আমবাসা টাউন হল এবং পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউট এই দুটি স্থানে প্রতিযোগিতার বিভিন্ন বিষয়গুলি অনুষ্ঠিত হয়। তাছাড়া বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা তাদের তৈরি মডেল নিয়ে বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করে এবং বিভিন্ন দপ্তরের তরফ থেকেও বিভিন্ন ধরনের স্টল খোলা হয়।

****************************

**Petrol :**

রাজ্যে আগামী ১৩ই নভেম্বর থেকে পেট্রোলের সরবরাহ স্বাভাবিক হবে। খাদ্য অধিকর্তা সুমিত লোধ আজ এখবর জানিয়েছেন। তিনি জানান, এলপিজি এবং ডিজেলের স্বাভাবিক সরবরাহ রয়েছে। বর্তমানে পেট্রোলের উপর সারা রাজ্যেই রেশনিং চালু রয়েছে। লামডিং ডিভিশনের একটি অংশে রেললাইনে সংস্কারের কাজ চলছে। এরফলে পণ্যবাহী ট্রেন চলাচল বন্ধ রয়েছে। তবে সড়কপথে বহিঃরাজ্য থেকে পেট্রোলের ট্যাংকার আসছে।

***************************

**Panchayet Raj :**

পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানে নির্বাচিত মহিলা জনপ্রতিনিধিদের দায়িত্ব পালন কার্যক্রমে প্রকৃত ক্ষমতায়ন নিশ্চিত করতে আজ থেকে আগরতলার প্রজ্ঞাভবনে দু'দিনের আলোচনা চক্র শুরু হয়েছে। সুপ্রিমকোর্টের সাম্প্রতিক এক আদেশের পরিপ্রেক্ষিতে এই উদ্যোগের বিশেষ গুরুত্ব রয়েছে। কারণ মহিলাদের জন্য সংরক্ষিত পঞ্চায়েতের আসনে পুরুষ আত্মীয়, বিশেষতঃ স্বামীদের প্রতিনিধি

হিসেবে প্রভাব বিস্তার বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে সুপ্রিমকোর্টের সাম্প্রতিক এক আদেশে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে আয়োজিত সেমিনারে মেঘালয়, মনিপুর, মিজোরাম, সিকিম, নাগাল্যান্ড ও ত্রিপুরা-এই ৬টি রাজ্যের পঞ্চায়েত স্তরের মহিলা জনপ্রতিনিধিরা অংশ নেন। আলোচনাচক্রের উদ্বোধন করে পঞ্চায়েত দপ্তরের সচিব সন্দীপ আর রাঠোর বলেন, সুপ্রিমকোর্টের আদেশটি মহিলাদের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক এবং এটি পঞ্চায়েতি রাজ ব্যবস্থায় প্রকৃত মহিলা নেতৃত্ব প্রতিষ্ঠার পথ প্রশস্ত করবে। স্বাগত ভাষন দেন পঞ্চায়েত অধিকর্তা প্রসূন দে। দিল্লি থেকে ভার্চুয়ালভাবে আলোচনায় যোগ দেন কেন্দ্রীয় পঞ্চায়েত রাজ মন্ত্রকের যুগ্ম সচিব মমতা ভার্মা। কেন্দ্রীয় পঞ্চায়েত রাজ অধিকর্তা ডঃ রমিত মৌরিয়া সুপ্রিম কোর্টের আদেশকে মান্যতা দিয়ে মহিলাদের সুনির্দিষ্ট আইনি সুরক্ষা এবং প্রশিক্ষণের প্রয়োজনীয়তার উপরও জোর দেন।

আগামীকাল দ্বিতীয় দিনে ত্রিপুরা পঞ্চায়েত ব্যবস্থার অভিজ্ঞতা নিয়ে অংশগ্রহণকারীরা আলোচনা করবেন। আলোচনাচক্র উপলক্ষে প্রজ্ঞা ভবনে স্বসহায়ক গোষ্ঠীগুলোর প্রদর্শনী ষ্টল খোলা হয়েছে।

*****************************

**ARDD Review Meeting :**

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাশের পৌরোহিত্যে আজ গোর্খাবস্তীস্থিত প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের রাজ্যভিত্তিক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে তিনি জানান, সাম্প্রতিক বন্যায় প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের ক্ষয়ক্ষতির পরিমান ১৮ থেকে ১৯ হাজার কোটি টাকা হবে। কিছুদিনের মধ্যে কেন্দ্রীয় সরকারের একটি প্রতিনিধিদল রাজ্যে এসে ক্ষয়ক্ষতি সরেজমিনে পর্যবেক্ষণ করবে।

***************************

**University Football :**

পূর্বাঞ্চলের আন্ত: বিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতার ছেলেদের আসরে গ্রুপের প্রথম খেলায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয় জয়লাভ করেছে। নাগাল্যান্ডে অনুষ্ঠিত আসরে আজ ত্রিপুরা বিশ্ববিদ্যালয় পেনাল্টি শ্যুট আউটে ৫-৪ গোলে মণিপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়কে পরাজিত করে। নির্দ্ধারিত সময়ের খেলা ১-১ গোলে অমীমাংসিত ছিল।

****************************